

Prime Minister's meeting with Prime Minister of Nepal on the sidelines of COP26 in Glasgow, UK

November 02, 2021

বৃটেনের গ্লাসগোতে সিওপি২৬ এর সম্মেলনের ফাঁকে নেপালের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

নভেম্বর ২, ২০২১

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২রা নভেম্বর বৃটেনের গ্লাসগোতে সিওপি২৬ শিখর সম্মেলনের ফাঁকে নেপালের প্রধানমন্ত্রী মিঃ শেব বাহাদুর দেওবার সঙ্গে বৈঠক করেছেন।

কোভিড-১৯ মহামারীর বিরুদ্ধে লড়াইয়ের প্রেক্ষিতে উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো শক্তিশালী করার বিষয় নিয়ে আলোচনা করেছেন। মহামারীর সময় ভারত থেকে নেপালের মধ্যে টিকা, ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম সরবরাহ এবং অবাধে সীমান্তের অন্যপারে পণ্য পরিবহনের ক্ষেত্রে সহযোগিতার বিষয়টি নিয়ে দুই নেতা সন্তোষ প্রকাশ করেন। মহামারী পরবর্তী সময়ে তাঁরা একযোগে কাজ করার বিষয়ে সহমত ব্যক্ত করেন।

জুলাই মাসে নেপালের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর মিঃ দেউবার সঙ্গে শ্রী মোদীর টেলিফোনে কথা হয়েছে। এরপর এই প্রথম তাঁদের মধ্যে মুখোমুখি আলোচনা হল।

গ্লাসগো

নভেম্বর ২, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.